ওরে জাগায়ো না,    ও যে বিরাম মাগে    নির্মম ভাগ্যের পায়ে ।
ও যে সব চাওয়া দিতে চাহে   অতলে জলাঞ্জলি ॥
দুরাশার দুঃসহ ভার দিক নামায়ে,
যাক ভুলে অকিঞ্চন জীবনের বঞ্চনা ॥
আসুক নিবিড় নিদ্রা,
তামসী তুলিকায় অতীতের বিদ্রূপবাণী দিক মুছায়ে
স্মরণের পত্র হতে ।
স্তব্ধ হোক বেদনগুঞ্জন
সুপ্ত বিহঙ্গের নীড়ের মতো—
আনো তমস্বিনী,
শ্রান্ত দুঃখের মৌনতিমিরে শান্তির দান ॥

---

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Kedara

Visit www.geetabitan.com for notation and other detail